

U.G. 5th Semester Examination - 2020**BENGALI****Course Code: BBNGGERT5****Course Title: আধুনিক বাংলা সাহিত্য পাঠ**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$
- ক) 'ভারততীর্থ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
- খ) 'রাস্তা কারো একার নয়' — কবিতাটির মূল কাব্যগ্রন্থের নাম লেখো।
- গ) 'সূর্য দেবে আড়ি/বিশ্ব ডুবে যাবে অন্ধকারে' — কোন্ কবিতার অংশ?
- ঘ) 'পাখি সব করে রব' — কবিতাংশটির মূল উৎস লেখো।
- ঙ) 'চতুর্থ পাণিপথের যুদ্ধ' — গল্পের মূল চরিত্রের নাম কী?
- চ) 'যেমন চাষী তার তেমন বলদ, খড় জোটে না বলে কলা খাওয়া চাই' — কার উক্তি?
- ছ) 'আদাব' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- জ) 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে বামপন্থী কে ছিল?
- ঝ) 'কর্ণ-কুন্তী সংবাদ' কত সালে রচিত হয়?
- ঞ) 'তবে চলে আয় বৎস, তবে চলে আয়।' — কে বলেছে?

- ট) 'মাতঃ দেহো পদধূলি' — তার বিনিময়ে বক্তা কী দিতে চেয়েছেন?
- ঠ) 'মাতঃ করিয়ো না ভয়।' এরপর বক্তা কী বলেছেন?
- ড) বিগত মহাযুদ্ধে রাজা বায়েন বিদেশে কোথায় গিয়েছিল?
- ঢ) প্রথম দিনের আসরে নিতাইয়ের প্রতিপক্ষ কে ছিল?
- ণ) 'সমস্ত কোল জুড়িয়া মন্দির, মন্দির আর ঘাট' — কে, কোথায় দেখেছে?

- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) 'ভারততীর্থ' কবিতায় 'মহামানবের সাগরতীরে' বলতে কবি কী বুঝিয়েছেন?
- খ) 'রাস্তা কারো একার নয়' — 'রাস্তা' অর্থে কী বোঝানো হয়েছে?
- গ) 'আদাব' শব্দের অর্থ কী? এটি কোন্ জাতীয় শব্দ?
- ঘ) বলাইয়ের কাকিমা দুদিন জলগ্রহণ করেন নি কেন?
- ঙ) 'জননী গুষ্ঠন খোলো, দেখি তব মুখা' — কে, কাকে বলেছে?
- চ) কুন্তীর কাছে কর্ণ নিজের পিতামাতার কী পরিচয় দিয়েছিল?
- ছ) 'প্রভুর সংসারে নীচ কেউ নেই বাবা।' কে, কাকে বলেছে?
- জ) 'বসনের এই একটিমাত্র স্মৃতিচিহ্ন তাহার কাছে আছে।' — 'তাহার' বলতে কার কথা বলা হয়েছে? 'স্মৃতিচিহ্ন' টি কী?
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$
- ক) 'ভারততীর্থ' কবিতায় ভারতের যে অতীত কথা রয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

খ) 'কর্ণ-কুন্তী সংবাদ' অবলম্বনে কর্ণ চরিত্রটির স্বরূপ বিশ্লেষণ করো।

গ) 'কবি' উপন্যাস অবলম্বনে ঠাকুরঝি চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) 'বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা' - কবিতায় মাতৃভাষার প্রতি গভীর অনুরাগ কীভাবে প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে দাও।

খ) সমরেশ বসুর 'আদাব' একটি সাম্প্রদায়িক সম্প্রীতির গল্প — আলোচনা করো।

গ) 'কবি' উপন্যাসকে আঞ্চলিক উপন্যাস বলা যায় কিনা আলোচনা করো।
